


যুগান্তর



চাকরি জাতীয়করণসহ বিভিন্ন দাবিতে মঙ্গলবার কেন্দ্রীয় শহীদ মিনারে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারী ফেডারেশনের সমাবেশ

যুগান্তর

এমপিওর দাবিতে লাগাতার অবস্থান শিক্ষকদের

যুগান্তর রিপোর্ট

স্বীকৃতিপ্রাপ্ত স্কুল, কলেজ ও মাদ্রাসাকে এমপিওভুক্ত করার জন্য শিক্ষকরা সোমবার থেকে রাজধানীতে অবস্থান কর্মসূচি পালন করছেন। দু'দিন কেন্দ্রীয় শহীদ মিনারে তাদের এ কর্মসূচি পালিত হয়। আজ থেকে তারা জাতীয় প্রেস ক্লাবের সামনে এই কর্মসূচি শুরু করবেন। এদিকে, এমপিও'র জন্য কষ্ট করে আন্দোলন না করতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। মঙ্গলবার জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) এক কর্মশালা উদ্বোধনকালে এ আহ্বান জানিয়ে তিনি বলেন, এ খাতে বর্তমান অর্থবছরে বরাদ্দ কম আছে। আমরা বরাদ্দ বাড়ানোর চেষ্টা করছি। পর্যাপ্ত অর্থ বরাদ্দ পেলেই নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে।

শিক্ষকদের আন্দোলন প্রসঙ্গে জানতে চাইলে শিক্ষামন্ত্রী যুগান্তরকে বলেন, শিক্ষকরা আমাদের সম্মানীয় ব্যক্তিত্ব। আমি শিক্ষা পরিবারের একজন সদস্য। এজন্য আমি চাই না শিক্ষকরা কষ্ট করে আন্দোলন করুক। তাদের দাবি আমার দৃষ্টি আকর্ষণ করেছে।

এনসিটিবি'র চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র পালের সভাপতিতে দু'ঘণ্টা স্থগিত হ্রাস এবং জলবায়ু পরিবর্তন সহনশীলতা সম্পর্কিত সচেতনতা সৃষ্টি শীর্ষক এ কর্মশালায় উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কম্পিউটেশন

অবস্থান : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

অবস্থান : দাবিতে

(শেষ পৃষ্ঠার পর)

ডিজিটাল মানেনজমেন্ট প্রোগ্রামের প্রকল্প পরিচালক আবদুল কাইয়ুম। দিনব্যাপী কর্মশালা শেষ হয় বিকালে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আড্ডাডেকেট মোহাম্মদুল হক রহমান। এ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেছেন, পছন্দা জানুয়ারি পাঠ্যপুস্তক দিবসে সারা দেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। এখানকার মানবসম্পদ পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের হাতে পৌঁছে দিতে সরকার নর্ব্যয়ক ব্যবস্থা নিয়েছে।

অবস্থান কর্মসূচি : স্বীকৃতিপ্রাপ্ত প্রায় দুই হাজার শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির (বেতনের সরকারি অংশ) দাবিতে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে দ্বিতীয় দিনের মতো অবস্থান কর্মসূচি পালন করেন বেপরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষকরা। এই কর্মসূচি আহ্বানকারী সংগঠন নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ফেডারেশনের সভাপতি দো. এশারত আলী জানান, একই দাবিতে তারা ২০১৩ সালে আরেকবার আন্দোলন করেছিলেন। তখন শিক্ষামন্ত্রী তিন মাসের সময় নিয়েছিলেন। কিন্তু আমরা এমপিও পাইনি। প্রায় আড়াই বছর পর আমরা আবার আন্দোলনে এসেছি। আমরা প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি আমাদের কিছু না বলা পর্যন্ত আন্দোলন চলাবে।

কর্মসূচিতে সংঘটিত জানিয়ে বক্তব্য রাখেন বুদ্ধিজীবী ও লেখক সৈয়দ আবুল মকসুদ বাসদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক কামরুজ্জামান সিপিবি'র কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সৈয়দ আবু জাকের আহমেদ, প্রেসিডিয়াম সদস্য গান আহসান হাবিব মাবুদ, বাসদের কেন্দ্রীয় নেতা রাজ্জেকুজ্জামান রতন ও সমাজতান্ত্রিক ছাত্রলীগের সভাপতি জোনার্দন দত্ত নাস্তি। কর্মসূচিতে উজ্জীবনী গান গেয়ে শোভান গণসঙ্গীতপিনী মাহমুদুজ্জামান বাবু। অবস্থান কর্মসূচিতে আরও বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি অধ্যক্ষ এশারত আলী, সহ-সভাপতি শরীফুজ্জামান আগা বান, শফিকুল ইসলাম প্রমুখ।